

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২০, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
মুদ্রণ ও প্রকাশনা শাখা।

বিজ্ঞপ্তি

তারিখ, ৫ ডান্ড, ১৪২০ বঙ্গাব্দ/২০ আগস্ট, ২০১৩ খ্রিস্টাব্দ

নং ০৪ (মুঠ পঠ) —গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৫ ডান্ড, ১৪২০ বঙ্গাব্দ  
মোতাবেক ২০ আগস্ট, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা  
জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

অধ্যাদেশ নং ০৪, ২০১৩

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬  
সনের ৩৯ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সংতোষজনকভাবে প্রতীয়মান  
হইয়াছে যে, আও ব্যবস্থা এহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

( ৭০৭৭ )

মূল্য : ৪ টাকা ৪.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে পদ্ধত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিল্পোন্নয়ন ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধন) অধ্যাদেশ, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৫৪ এর সংশোধন।—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন), অঙ্গপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৫৪ এর উপ-ধারা (২) এর “অনধিক দশ বৎসর কারাদণ্ডে” শব্দগুলির পরিবর্তে “অনধিক চৌদ্দ বৎসর এবং অন্যন্য সাত বৎসর কারাদণ্ডে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৫৬ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৫৬ এর উপ-ধারা (২) এর “অনধিক দশ বৎসর কারাদণ্ডে” শব্দগুলির পরিবর্তে “অনধিক চৌদ্দ বৎসর এবং অন্যন্য সাত বৎসর কারাদণ্ডে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৫৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৫৭ এর উপ-ধারা (২) এর “অনধিক দশ বৎসর কারাদণ্ডে” শব্দগুলির পরিবর্তে “অনধিক চৌদ্দ বৎসর এবং অন্যন্য সাত বৎসর কারাদণ্ডে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৬১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৬১ এর উপ-ধারা (২) এর “অনধিক দশ বৎসর কারাদণ্ডে” শব্দগুলির পরিবর্তে “অনধিক চৌদ্দ বৎসর এবং অন্যন্য সাত বৎসর কারাদণ্ডে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৬৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৬৯ এর উপ-ধারা (১) এর “এবং” শব্দের পরিবর্তে “অথবা” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৭। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৭৫ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭৫ এর উপ-ধারা (২) এর “এবং” শব্দের পরিবর্তে “অথবা” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৮। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৭৬ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭৬ এর—

(ক) উপ-ধারা (১) এর পর নিম্নরূপ উপ-ধারা (১ক) ও (১খ) সংযোগিত হইবে,  
যথা:—

“(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিয়ন্ত্রক বা তদ্কর্তৃক  
ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা উক্ত উপ-ধারায় উল্লিখিত কোন পুলিশ  
কর্মকর্তা কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ একই সাথে তদ্ধত করা  
যাইবে না।

(১খ) কোন মামলার তদন্তের যে কোন পর্যায়ে যদি প্রতীয়মান হয় যে, উক্ত মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে, তদন্ত পরিচালনার দায়িত্ব—

(ক) পুলিশ কর্মকর্তার নিকট হইতে নিয়ন্ত্রক বা তদ্বৰ্তক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, বা

(খ) নিয়ন্ত্রক বা তদ্বৰ্তক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে পুলিশ কর্মকর্তার,

নিকট হস্তান্তর করা প্রয়োজন, তাহা হইলে সরকার বা, ক্ষেত্রমত, সাইবার ট্রাইব্যুনাল, আদেশ দ্বারা, পুলিশ কর্মকর্তার নিকট হইতে নিয়ন্ত্রক বা তদ্বৰ্তক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট অথবা নিয়ন্ত্রক বা তদ্বৰ্তক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে পুলিশ কর্মকর্তার নিকট হস্তান্তর করিতে পারিবে।”।

(ঝ) উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) ধারা—

(ক) ৫৪, ৫৬, ৫৭ ও ৬১ এ উল্লিখিত অপরাধসমূহ আমলযোগ্য (Cognizable) ও অ-জামিনযোগ্য হইবে; এবং

(খ) ৫৫, ৫৮, ৫৯, ৬০, ৬২, ৬৩, ৬৪ ও ৬৫ এ উল্লিখিত অপরাধসমূহ অ-আমলযোগ্য (non-cognizable) ও জামিনযোগ্য হইবে।”।

৯। ২০০৬ সনের ৩৯ নং আইনের ধারা ৮০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৮০ এর—

(ক) উপাস্তিকার “প্রকাশ্য স্থান, ইত্যাদিতে” শব্দগুলি ও কম্যা বিলুপ্ত হইবে; এবং

(খ) “প্রকাশ্য” শব্দটি বিলুপ্ত হইবে।

তারিখ : ০৫ ভাদ্র, ১৪২০ বঙ্গাব্দ  
২০ আগস্ট, ২০১৩ খ্রিস্টাব্দ

মোঃ আবদুল হামিদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

মোহাম্মদ শহিদুল হক  
 সচিব  
 লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)